দূরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা
কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -

তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ১০
তাং - ৩০।০৬।২০২২

সময়ঃ বেলা ৩.০০ টা
স্থানঃ পৌরসভা সভাকক্ষ

আলোচ্য বিষয়ঃ

(১) বিগত সভার (৯নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।
(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৫) নামজারিকরনের অনুমোদন।
(৬) বিল্ডিং প্ল্যানের অনুমোদন।
(৭) বিবিধ।

উপস্থিতিঃ

* পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
* উপ পৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ

* মহঃ নজরুল ইসলাম
* মাসতুরা সাহানি
* মহঃ জুম্মান আলী
* শ্রীমতী মমতা রায় সেন
* শ্রী গোপাল চন্দ্র ঘোষ
* শ্রীমতী কনিকা দেবনাথ
* শ্রী পঙ্কজ কান্তি চন্দ
* শ্রী সুভাষ ব্যানার্জী
* শ্রীমতী সুমিতা ঘোষ
* শ্রী অরবিন্দ মিত্র
* শ্রীমতী অন্তরা মজুমদার
* শ্রীমতী পিঙ্কি ঘোষ
* শ্রী সুশান্ত রায়
* শ্রী কিশোর কুমার রায়
* শ্রীমতী রাধারানী দত্ত
* শ্রী সুব্রত দাস
* শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
* শ্রী অলোক সাহা
* শ্রীমতী বৈশালী ব্যানার্জী
* শ্রীমতী অনিতা মুখার্জী
* শ্রী সঞ্জয় মন্ডল
* শ্রী অরুপ কুমার ঘোষ
* শ্রীমতী সুতপা ব্যানার্জী
* শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক

অন্যান্য উপস্থিতিঃ শ্রী রাজেন্দ্র নাথ মাহাত- নির্বাহী আধিকারিক
শ্রী সপ্তর্ষি সিন্‌হা - ও.এস.

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন বেশ কয়েক বছর আগে পৌরএলাকার মধ্যে কতগুলি জলাশয় আছে তার একটা তালিকা তৈরী হয়েছিল। লক্ষ্য করছি তার মধ্যে কয়েকটি জলাশয় ভরাট করে বহুতল নির্মান হচ্ছে। আমার ওয়ার্ডে এরকম একটি হয়েছে।অন্য ওয়ার্ডেও হচ্ছে বলে শুনেছি। কাউন্সিলরদের পক্ষে তো রাত জেগে পাহারা দেওয়া সম্ভব নয়। যারা ভরাট করছিল তাদের সাথে আমার বচসাও হয়েছে। আমি বলছি ঐ জলাশয়ের তালিকা Website ও পৌরসভার ইঞ্জিনীয়ারদের দেওয়া হোক। এখন Plan অনুমোদনের বিষয়ে কাউন্সিলরদের কোন ভূমিকা থাকে না। ফলে ইঞ্জিনীয়াররা যখন Site visit করবেন তখন তারা ব্যবস্থা নিতে পারবেন। আমাদের সিদ্ধান্তই ছিল পুকুর ভরাট করা জমিতে কোনপ্রকার TAX, MUTATION ও বাড়ী তৈরীর প্ল্যান অনুমোদন করা হবে না। পরিবেশের স্বার্থে এবং নাগরিকদের স্বার্থে বিষয়টি আপনার দৃষ্টিগোচরে আনা হল প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Fisheries দপ্তর হতে একটা জলাশয়ের তালিকা আমাদের আছে।ঐ তালিকা পুলিশ প্রশাসনকে দেওয়া হবে। আমাদের লক্ষ্য কোন জলাশয় ভরাট হতে না দেওয়া। আপনাদের নজরে এরকম ঘটনা ঘটলে জানাবেন আমরা পুলিশ প্রশাসনকে জানাবো। আরো বলেন জলাশয় রক্ষা করা আমাদের কর্তব্য। একাজ আমরা করবো। বিগত দিনে ২২ নং ওয়ার্ডে ভরাট করা জমির মাটি তুলে পুনরায় জলাশয়ে আনার ব্যবস্থা আমরা করেছিলাম।

শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক বলেন House For All প্রকল্পে IDBI ব্যাঙ্কে যারা অ্যাকাউন্ট করছে তাদের সাথে ব্যাঙ্ক কর্তৃপক্ষ খারাপ ব্যবহার করছে। Pass Book দিচ্ছে না। চাইতে গেলে বলে আগে টাকা জমা হোক তারপর দেওয়া হবে।বিষয়টি দেখার জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ব্যাঙ্ক কর্তৃপক্ষের সাথে কথা বলবো।

শ্রী অরূপ কুমার ঘোষ বলেন পৌরসভাতে দীর্ঘদিন ধরে যারা স্থায়ী বা অস্থায়ী পদে কাজ করেন তাদের অবসরকালীন সময়ে সম্বর্ধনা দেওয়া হয় না। পৌরবোর্ডের পক্ষ থেকে যাতে সম্বর্ধনা দেওয়া হয় সে ব্যাপারে মাননীয় পৌরপ্রধানর দৃষ্টি আকর্ষন করেন।

CIC সদস্য শ্রী অরবিন্দ মিত্র মহাশয় বলেন কিছু কিছু কর্মীকে দেওয়া হয়।আমি আগেও বলেছিলাম এটা বছরে ২ বার পৌরসভার উদ্যোগে করা উচিত। তাহলে একসাথে বিদায়ী সম্বর্ধনা দেওয়া যায়।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন  দপ্তরগত উদ্যোগে এটা করা হয়। আমরা সেখানে উপস্থিত হই।এই প্রথা দীর্ঘদিন ধরে চালু আছে। নির্বাহী আধিকারিককে বলবো ধারাবাহিকতা বজায় রাখতে।

শ্রীমতী বৈশালী ব্যানার্জী বলেন রেললাইন পারাপার করার জায়গায় দোকান এমনভাবে বসে তাতে জনগনের ভীষন অসুবিধা হয়।  বিষয়টি সমাধানের লক্ষে মাননীয় পৌরপ্রধানের বক্তব্য জানতে চান ?

CIC সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী  মহাশয় বলেন বিগত দিনে পৌরসভার উদ্যোগে ব্রীজের নীচে দোকান বন্টন করাও ভাল উদ্যোগ ছিল না। তার ফল এখন ভুগতে হচ্ছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন  নাগরিকদের পারাপারের জন্য ব্রীজ আছে। নাগরিকরা তা ব্যবহার করে না। ওটা রেলের জায়গা। রেলের আধিকারিককে পৌরসভার পক্ষ থেকে চিঠি করা হবে বলে জানান।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন ডেঙ্গুর কাজ যারা করবে তারা মাসে ২০০০.০০ টাকারও কম পায়। তাও আবার তিনচার মাস পর। এবার Mobile App এর মাধ্যমে হবে যেখানে Internet প্রয়োজন। Internet এর অর্থ যদি তাদেরকে দেওয়া হয় তাহলে তারা উপকৃত হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় Internet এর বিষয়ে বলেন SUDA তে চিঠি করা হবে বিষয়টি বিবেচনা করার জন্য।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৯নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব পেশ করেন।

সভায় উপস্থিত সকল সদস্য কোন প্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৯নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় ADP ২০২২-২৩ অর্থবর্ষে বরাদ্দকৃত টাকার কাজের scheme ওয়ার্ড কমিটির সভায় অনুমোদন করিয়ে দ্রুত জমা করার জন্য উপস্থিত কাউন্সিলরদের কাছে আবেদন করেন।

CIC সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন আমরা চাইছি পূজার আগে কাজ শেষ করতে। যে জন্য দ্রুত scheme জমা হলে একসাথে tender প্রক্রিয়া শুরু করা যাবে বলে জানান। আরো বলেন বকেয়া সমস্ত কাজ শুরু হয়েছে। সর্বশেষ একটি কাজ ১৩নং ওয়ার্ডে ছিল। সেটিও শুরু হয়েছে।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন নৃপেন্দ্র সরোবরের কাজ যে Contractor পেয়েছে সে ধীরগতিতে কাজ করছে।দ্রুত করতে বললে বলে fund আসে নি। কাজ কি করে হবে?

CIC সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন খোঁজ নিয়ে জানলাম Green City Mission এর তহবিলে সমস্ত কাজ শুরু হলে ছবিসহ সংশ্লিষ্ট দপ্তরে জানালে তারপর অর্থ আসে। Contractor এর সাথে কথা হয়েছে । কাজ দ্রুত শেষ করবে বলে জানিয়েছে।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Green City Mission এর Electric Pole বসানোর Work Order যারা পেয়েছে সেই Company র সাথে মিটিং করা হয়েছে CIC সদস্য ও দপ্তরের ইঞ্জিনীয়াররা উপস্থিত ছিলেন। Company চিঠি দিয়ে জানিয়েছে তারা ৩১.০৭.২০২২ এর মধ্যে কাজ শেষ করবে।

CIC সদস্য শ্রী প্রহ্লাদ দত্ত মহাশয় বলেন পৌরসভা হাসপাতালের ICCU এবং পৌরসভা অফিসে যে AC Machine আছে সেগুলি রক্ষনাবেক্ষণের জন্য Tender আহ্বান করা হয়েছিল। অনুমোদনের জন্য প্রস্তাব দেন।আরো বলেন সমস্ত ইলেকট্রিসিয়ানদের বলা হয়েছে দ্রুত POLE গুলি Checkup করার জন্য। কোথাও কোন পোলে তার খোলা আছে কিনা বা Switch ভাঙ্গা আছে কিনা তা সহ সবটা Check করতে বলা হয়েছে। আপনারাও তাদের সাথে কথা বলে তদারকি করার চেষ্টা করবেন।আগামী কয়েকদিনের মধ্যে ১০নং ও ১৩নং ওয়ার্ডের Overhead Reservoir চালু হবে বলে জানান। ওয়ার্ডগুলিতে যে Community Centre আছে সেগুলির বৈদ্যুতিক বিল সঠিক সময়ে জমা হয় না বলে জানান। এ ব্যাপারে কাউন্সিলরদের উদ্যোগ নিতে অনুরোধ করেন।

শ্রী অরূপ কুমার ঘোষ ২৮ নং ওয়ার্ডে গঙ্গার জল কবে আসবে তা জানতে চান। আরো বলেন Electric Pole checkup করার জন্য electrician দের নির্দেশ দিতে হবে।এব্যাপারে কাউন্সিলরদের পক্ষে তদারকি করা সম্ভব হবে বলে তিনি মনে করেন না।

শ্রী অলোক সাহা বলেন পৌরএলাকার বিভিন্ন জায়গায় বিদ্যুতের তার গাছের ডালপালার ভিতর দিয়ে আছে। Electric Office এ জানালে তারা বলে আমরা গাছ কাটতে পারবো না। আপনি গাছ কাটার লোক ঠিক করে জানালে আমরা Shut Down করে দেব। বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন হরিদেবপুরের ঘটনার পর SUDA ও রাজ্য সরকারের পক্ষ থেকে নির্দেশ এসেছে Electric Pole গুলি Check up করে জানাতে হবে। আমরা Electrician দের নির্দেশ দিয়েছি Checkup করার জন্য।২৮ নং ওয়ার্ডে গঙ্গার জল দেওয়ার পরিকল্পনা চলছে বলে জানান।। গাছের ডালপালা কাটার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরকে উদ্যোগ নিতে বলা হবে।

সভায় দীর্ঘ আলোচনা শেষে মাননীয় CIC সদস্য শ্রী প্রহ্লাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হলঃ-

(১) পৌরসভা পরিচালিত হাসপাতালের ICCU ও পৌরসভা অফিসের AC রক্ষনাবেক্ষণের জন্য Tender No. MM/EO/EL/NIT/958/22-23, dt. 22.06.2022, Sl. No. 1 এ 267087.00 টাকা ও Sl. No. 2 এ 274110.00 টাকা অনুমোদিত হলো যা যথাক্রমে অনুমোদিত Health Fund ও 15th FC (2021-22) তহবিল হতে ব্যয় করা হবে।

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন জেলাশাসকের দপ্তর হতে দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের সাথে দুদিন আগে জরুরী সভা হয়।উক্ত সভায় তিনি বলেন করোনার ৪র্থ ঢেউ আসছে। জনগণকে Covid Protocol অনুযায়ী চলার জন্য সচেতনতা প্রচার করার উপর জোর দিতে বলেন। বাজার ও জনবহুল এলাকাগুলো Sanitize করার কথা বলেন্। CIC সদস্য ও Vehicle দপ্তরে Sanitize করার জন্য বলা হয়েছে।এছাড়াও ৭৫ মাইক্রণের নীচের প্লাস্টিক ব্যাগ ও থার্মোকল জাত বর্জন, বর্ষার আগে ড্রেন পরিষ্কার, মশাবাহিত রোগ প্রতিরোধে কাজের ধারাবাহিকতা নিয়েও আলোচনা করা হয়। প্লাস্টিক ব্যাগ বর্জনের বিষয়ে বলেন ১ লা জুলাই হতে রাজ্য সরকারের নির্দেশানুযায়ী প্লাস্টিক ব্যবহার

আইনত দন্ডনীয়।আমরা Miking করছি। Flex লাগিয়েছি বিভিন্ন বাজার ও জনবহুল এলাকায়। মধ্যমগ্রামকে প্লাস্টিক ও থার্মোকলজাত দ্রব্যাদি মুক্ত করতে সকল কাউন্সিলরকে তাদের নিজ নিজ ওয়ার্ডে ব্যাক্তিগতভাবে উদ্যোগ নিতে বলেন।

শ্রী অরূপ কুমার ঘোষ বলেন প্লাস্টিক বর্জনের বিষয়ে টিম গঠন করা হয়েছে কি ?

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন CIC সদস্য, নির্বাহী আধিকারিক, S.I., Vehicle In Charge দের নিয়ে সভা করে টিম গঠন করা হবে।

শ্রী অলোক সাহা বলেন আমি আজ সকালে S.I. ও ওয়ার্ড কমিটির সদস্যদের নিয়ে মধ্যমগ্রাম বড় বাজার ও ব্রীজের নীচের বাজারের সম্পাদকদের সাথে নিয়ে সমস্ত দোকানে গিয়ে প্লাস্টিক ও থার্মোকল জাত দ্রব্যাদি আগামী ১লা জুলাই হতে ব্যবহার না করার জন্য বলে এসেছি।তারা সহযোগিতা করবেন বলে জানিয়েছে।

মাননীয় উপপৌরপ্রধান শ্রী প্রকাশ রাহা মহাশয় করোনা প্রতিরোধে Miking করা দরকার বলে জানান।

মাননীয় CIC সদস্য জনাব নজরুল ইসলাম বলেন Miking করার উদ্যোগ দ্রুত নেওয়া হবে।

মাননীয় CIC সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন প্লাস্টিক প্রতিরোধে যেমন মানুষকে বোঝানো হবে তেমন পৌরসভার পক্ষ থেকেও বিকল্প ব্যাগের Sample দেখানো উচিত।

শ্রীমতী অন্তরা মজুমদার বলেন এর আগে যখন প্লাস্টিক বর্জন অভিযান হয়েছিল তখন নাগরিকদের বিকল্প ব্যাগ দেওয়া হয়ছিল পৌরসভার পক্ষ থেকে।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন আপনারা ঠিকই বলেছেন। বিকল্প ব্যাগের ব্যবস্থা করার চেষ্টা করা হবে।

শ্রী অলোক সাহা বলেন ৬০ বৎসরের নীচে যে কাউন্সিলররা আছেন তাদের Booster Dose দেওয়ার ব্যবস্হা কিভাবে হবে ?

শ্রী অরূপ কুমার ঘোষ বলেন Covid Test পৌরসভার পক্ষ থেকে হচ্ছে কি ?

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন Councilor রা Booster Dose নিতে চাইলে দেওয়া যাবে। Covid test এর বিষয়ে বলেন Test Kit CMOH দপ্তর হতে আসে। তারা এখনও দেননি। তবে গ্রামীন হাসপাতালে Covid Test হচ্ছে বলে জানান।

(৫) নামজারিকরনের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত ১১৬টি অনলাইন আবেদনপত্র অনুমোদিত হলঃ-

| SL NO | MUTATION APPLICATION NO | WARD NO |
|---|---|---|
| 1 | MDMG/23-23/MU/000110 | 14 |
| 2 | MDMG/21-22/MU/001673 | 7 |
| 3 | MDMG/21-22/MU/002176 | 17 |
| 4 | MDMG/23-23/MU/001531 | 5 |
| 5 | MDMG/21-22/MU/001880 | 10 |
| 6 | MDMG/21-22/MU/001831 | 12 |
| 7 | MDMG/21-22/MU/001825 | 18 |
| 8 | MDMG/21-22/MU/002057 | 28 |
| 9 | MDMG/21-22/MU/002140 | 24 |
| 10 | MDMG/21-22/MU/001923 | 15 |
| 11 | MDMG/23-23/MU/000790 | 28 |
| 12 | MDMG/21-22/MU/001961 | 12 |
| 13 | MDMG/21-22/MU/001871 | 16 |
| 14 | MDMG/21-22/MU/002059 | 14 |
| 15 | MDMG/21-22/MU/002427 | 11 |
| 16 | MDMG/21-22/MU/002099 | 12 |
| 17 | MDMG/21-22/MU/002184 | 15 |
| 18 | MDMG/21-22/MU/002204 | 2 |
| 19 | MDMG/21-22/MU/000808 | 17 |
| 20 | MDMG/21-22/MU/000508 | 5 |

| | | |
|---|---|---|
| 21 | MDMG/21-22/MU/002162 | 17 |
| 22 | MDMG/21-22/MU/001771 | 1 |
| 23 | MDMG/21-22/MU/002064 | 26 |
| 24 | MDMG/21-22/MU/002143 | 4 |
| 25 | MDMG/21-22/MU/002065 | 26 |
| 26 | MDMG/21-22/MU/002063 | 26 |
| 27 | MDMG/21-22/MU/002173 | 23 |
| 28 | MDMG/21-22/MU/002172 | 23 |
| 29 | MDMG/21-22/MU/002105 | 23 |
| 30 | MDMG/21-22/MU/001850 | 15 |
| 31 | MDMG/21-22/MU/002036 | 17 |
| 32 | MDMG/21-22/MU/001849 | 9 |
| 33 | MDMG/21-22/MU/001847 | 9 |
| 34 | MDMG/21-22/MU/001876 | 10 |
| 35 | MDMG/21-22/MU/001877 | 10 |
| 36 | MDMG/22-23/MU/000656 | 9 |
| 37 | MDMG/22-23/MU/001550 | 28 |
| 38 | MDMG/21-22/MU/002048 | 9 |
| 39 | MDMG/21-22/MU/001182 | 14 |
| 40 | MDMG/21-22/MU/002096 | 26 |
| 41 | MDMG/22-23/MU/001735 | 25 |
| 42 | MDMG/21-22/MU/002051 | 23 |
| 43 | MDMG/21-22/MU/001937 | 13 |
| 44 | MDMG/22-23/MU/000473 | 25 |
| 45 | MDMG/21-22/MU/001667 | 6 |
| 46 | MDMG/21-22/MU/002003 | 7 |
| 47 | MDMG/21-22/MU/002052 | 27 |
| 48 | MDMG/21-22/MU/002493 | 12 |
| 49 | MDMG/21-22/MU/002073 | 4 |
| 50 | MDMG/21-22/MU/002192 | 7 |
| 51 | MDMG/21-22/MU/001671 | 8 |

| | | |
|---|---|---|
| 52 | MDMG/21-22/MU/002033 | 25 |
| 53 | MDMG/22-23/MU/000445 | 12 |
| 54 | MDMG/21-22/MU/001829 | 13 |
| 55 | MDMG/21-22/MU/002119 | 23 |
| 56 | MDMG/21-22/MU/002118 | 23 |
| 57 | MDMG/21-22/MU/002200 | 25 |
| 58 | MDMG/21-22/MU/002183 | 19 |
| 59 | MDMG/22-23/MU/002035 | 21 |
| 60 | MDMG/21-22/MU/002321 | 26 |
| 61 | MDMG/21-22/MU/001913 | 27 |
| 62 | MDMG/21-22/MU/002144 | 12 |
| 63 | MDMG/21-22/MU/001955 | 6 |
| 64 | MDMG/21-22/MU/001766 | 7 |
| 65 | MDMG/22-23/MU/000136 | 25 |
| 66 | MDMG/21-22/MU/001888 | 9 |
| 67 | MDMG/21-22/MU/002236 | 19 |
| 68 | MDMG/21-22/MU/002112 | 2 |
| 69 | MDMG/22-23/MU/001258 | 10 |
| 70 | MDMG/22-23/MU/000924 | 15 |
| 71 | MDMG/21-22/MU/002028 | 7 |
| 72 | MDMG/21-22/MU/002227 | 25 |
| 73 | MDMG/21-22/MU/001796 | 6 |
| 74 | MDMG/21-22/MU/002049 | 6 |
| 75 | MDMG/21-22/MU/001985 | 8 |
| 76 | MDMG/21-22/MU/001901 | 6 |
| 77 | MDMG/21-22/MU/001911 | 7 |
| 78 | MDMG/21-22/MU/001872 | 24 |
| 79 | MDMG/21-22/MU/001423 | 25 |
| 80 | MDMG/21-22/MU/002138 | 15 |
| 81 | MDMG/21-22/MU/002121 | 16 |
| 82 | MDMG/21-22/MU/001094 | 8 |

| | | |
|---|---|---|
| 83 | MDMG/21-22/MU/001808 | 13 |
| 84 | MDMG/21-22/MU/001018 | 6 |
| 85 | MDMG/21-22/MU/001954 | 7 |
| 86 | MDMG/21-22/MU/001246 | 13 |
| 87 | MDMG/21-22/MU/001992 | 13 |
| 88 | MDMG/21-22/MU/001895 | 8 |
| 89 | MDMG/21-22/MU/002166 | 6 |
| 90 | MDMG/21-22/MU/002094 | 5 |
| 91 | MDMG/21-22/MU/002193 | 20 |
| 92 | MDMG/21-22/MU/002198 | 8 |
| 93 | MDMG/22-23/MU/001942 | 26 |
| 94 | MDMG/22-23/MU/002018 | 14 |
| 95 | MDMG/22-23/MU/000918 | 15 |
| 96 | MDMG/22-23/MU/000926 | 15 |
| 97 | MDMG/21-22/MU/002053 | 12 |
| 98 | MDMG/21-22/MU/001852 | 7 |
| 99 | MDMG/21-22/MU/001776 | 8 |
| 100 | MDMG/21-22/MU/002076 | 2 |
| 101 | MDMG/21-22/MU/002098 | 26 |
| 102 | MDMG/21-22/MU/002044 | 2 |
| 103 | MDMG/21-22/MU/002077 | 15 |
| 104 | MDMG/21-22/MU/000973 | 22 |
| 105 | MDMG/21-22/MU/000974 | 22 |
| 106 | MDMG/21-22/MU/001983 | 7 |
| 107 | MDMG/21-22/MU/002127 | 12 |
| 108 | MDMG/21-22/MU/002282 | 19 |
| 109 | MDMG/21-22/MU/002281 | 19 |
| 110 | MDMG/22-23/MU/000519 | 24 |
| 111 | MDMG/22-23/MU/000975 | 18 |
| 112 | MDMG/22-23/MU/001972 | 15 |
| 113 | MDMG/21-22/MU/001940 | 22 |

| | | |
|---|---|---|
| 114 | MDMG/22-23/MU/002064 | 21 |
| 115 | MDMG/22-23/MU/002063 | 21 |
| 116 | MDMG/22-23/MU/002248 | 21 |

(৬) বিল্ডিং প্ল্যানের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত অনলাইন (Upto 2 Storied) আবেদনপত্রগুলি অনুমোদিত হলঃ-

| Sl. | Site Plan AIN | Ward No. |
|---|---|---|
| 1 | SWS-OBPAS/2118/2022/0135 | 04 |
| 2 | SWS-OBPAS/2118/2022/0124/EXT | 24 |
| 3 | SWS-OBPAS/2118/2022/0088 | 01 |
| 4 | SWS-OBPAS/2118/2022/0127 | 01 |
| 5 | SWS-OBPAS/2118/2022/0130/EXT | 06 |
| 6 | SWS-OBPAS/2118/2022/0120 | 04 |
| 7 | SWS-OBPAS/2118/2022/0139 | 10 |
| 8 | SWS-OBPAS/2118/2022/0133/EXT | 19 |
| 9 | SWS-OBPAS/2118/2022/0137 | 10 |
| 10 | SWS-OBPAS/2118/2022/0138 | 10 |
| 11 | SWS-OBPAS/2118/2022/0134 | 08 |
| 12 | SWS-OBPAS/2118/2022/0149 | 08 |
| 13 | SWS-OBPAS/2118/2022/0147 | 25 |
| 14 | SWS-OBPAS/2118/2022/0126 | 20 |
| 15 | SWS-OBPAS/2118/2022/0140 | 14 |
| 16 | SWS-OBPAS/2118/2022/0152 | 12 |

এবং নিম্নলিখিত অনলাইন PLAN গুলি (Upto 2 Storied) বাতিল করা হলঃ-

| Sl. | Site Plan AIN | Ward No. |
|---|---|---|
| 1 | SWS-OBPAS/2118/2022/0054 | 05 |
| 2 | SWS-OBPAS/2118/2022/0125/EXT | 28 |
| 3 | SWS-OBPAS/2118/2022/0136 | 04 |

| | | |
|---|---|---|
| 4 | SWS-OBPAS/2118/2022/0061 | 13 |
| 5 | SWS-OBPAS/2118/2022/0128/EXT | 11 |
| 6 | SWS-OBPAS/2118/2022/0129 | 17 |

এছাড়াও পঞ্চায়েত আমলের বাড়ি অথচ অনুমোদিত প্ল্যান ছিল না এমন ব্যক্তির আবেদন অনুযায়ী দপ্তরগত পর্যবেক্ষন সাপেক্ষে নিম্নলিখিত প্ল্যান অনুমোদিত হলঃ-

| SL. NO. | NAME WITH HOLDING NO. & ADDRESS | WARD NO. |
|---|---|---|
| 1 | SNEHASISH CHOWDHURY<br>HOLDING NO. 121<br>SWAMIJI PARK ROAD | 28 |

(৭) বিবিধঃ

(১) ৭৫ মাইক্রনের নীচে প্লাস্টিক ও থার্মোকলজাত দ্রব্যাদি বর্জনের প্রচারে SUDA হতে যে ৫৬০০০.০০ টাকা (ওয়ার্ড পিছু- ২০০০.০০ টাকা) পাওয়া গেছে তা কেন্দ্রীয়ভাবে ব্যয় করা হবে।

(২) পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের পৌর বিষয়ক দপ্তরের নির্দেশনামা G.O. No. 519(126)/MA/O/C-4/2E-2/06, dated 24.12.2007 অনুযায়ী Sub Rule (4) of rule 4 of the West Bengal Building and Other construction workers Welfare Cess Rules 1998 অনুযায়ী আগামী ১লা জুলাই ২০২২ হতে Project Cost ১০ লক্ষ টাকার উপর যে কোন ধরনের বিল্ডিং প্ল্যান অনুমোদনের ক্ষেত্রে প্ল্যান Fees এর সাথে Project Cost এর ১% টাকা cess হিসাবে নেওয়া হবে।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ______________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং _____, মধ্যমগ্রাম পৌরসভা
এর নিকট প্রেরিত হল।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas